



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর

আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ২৬-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০১/২০২০

১৯/১০/১৪২৬ বঙ্গাব্দ
তারিখ : -----
০২/০২/২০২০ খ্রিস্টাব্দ

দপ্তরাদেশ

চট্টগ্রাম পণ্ডর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম এর আওতাধীন “চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার পোন্ডার নং-৬৪/১এ, ৬৪/১বি এবং ৬৪/১সি এর সমন্বয়ে ক্ষতিগ্রহ অংশের স্থায়ী পুনর্বাসন (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সামগ্রিক অগ্রগতি ও বিভিন্ন প্যাকেজের আওতায় চলমান কাজের সার্বিক অবস্থা সরেজমিনে পরিদর্শনের নিমিত্ত মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় গত ৩১ শে জানুয়ারী, ২০২০খ্রিঃ তারিখে চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার ছনুয়া এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা, প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পণ্ডর সার্কেল ও নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পণ্ডর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম উপস্থিত ছিলেন। উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী ও শাখা কর্মকর্তাগণকে তাদের নিজ নিজ প্যাকেজে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের পরিদর্শনকালীন সময়ে যাবতীয় কাগজপত্র ও পরিমাপ সরঞ্জামাদিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক প্যাকেজ নং CTG-2/W-4 এর কাজের সাইট পরিদর্শনকালীন সময়ে এক পর্যায়ে নির্মিতব্য বাঁধের Crest Width এর বাস্তব পরিমাপ ফিতার মাধ্যমে মেপে দেখানোর জন্য নির্দেশ প্রদান করেন। উল্লিখিত পরিমাপের কাজটি সম্পাদনের নিমিত্ত নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পণ্ডর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম যখন সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার সহায়তায় পরিমাপ টেপের মাধ্যমে মাপার চেষ্টা করেন, উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, বাঁশখালী পণ্ডর শাখা-৩, বাপাউবো, বাঁশখালী জনাব মোঃ মঞ্জুরুল হক (আইডি নং- ৬৫০১০১০২৫) তখন সেখানে উপস্থিত ছিলেন না। ফলে নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পণ্ডর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম কে তখন মারাত্মক অপ্রস্তুত অবস্থায় পড়তে হয়। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় উল্লিখিত ব্যাপারে অত্যন্ত অসন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে তার দায়িত্বে অবহেলা ও দায়িত্বজ্ঞানহীনভাবে অনুপস্থিত থাকার কারণে সাময়িকভাবে বরখাস্ত করার নির্দেশনা প্রদান করেন।

২। জনাব মোঃ মঞ্জুরুল হক(আইডি নং-৬৫০১০১০২৫), উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, বাঁশখালী পণ্ডর শাখা-৩, বাপাউবো, বাঁশখালীর উক্ত কর্মকর্তা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও (খ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার সামিল হওয়ায় তাকে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫৫(১) মোতাবেক বাপাউবোর্ডের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায় কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ মঞ্জুরুল হক(আইডি নং-৬৫০১০১০২৫), উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, বাঁশখালী পণ্ডর শাখা-৩, বাপাউবো, বাঁশখালী কে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(১) মোতাবেক বাপাউবোর্ডের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৪। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৪) অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৫। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(ফেরদৌসি বেগম)

পরিচালক

পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১

টেলিফোন নম্বর : ৯৫৫০৩৫৩


Dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-২৬(১২)-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০১/২০২০

১৯/১০/১৪২৬ বঙ্গাব্দ
তারিখ : -----
০২/০২/২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
- ২। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর/কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
- ৪। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম।
- ৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম।
- ৭। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
- ৮। জনাব মোঃ মঞ্জুরুল হক, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), বাঁশখালী পওর শাখা-৩, বাপাউবো, বাঁশখালী।
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন/পূর্ব রিজিওন), বাপাউবো, ঢাকা।


(ফজলুল করিম)
উপ-পরিচালক

পরিচিতি নং-৬৪০৩১১০০১
টেলিফোন নং-৯৫৬৯৭৭৯

২০০
তারিখ: ০২/০২/২০
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
কর্তৃপক্ষের নিকট
অনুলিপি প্রেরণ করা
হবে।
সদয় অবগতি ও
প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের জন্য অনুলিপি
প্রেরণ করা হলো।